

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
আইন শাখা-১  
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)  
সচিবালয় লিংক রোড, ঢাকা।

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.১১২.১৯- ৫৬৬

তারিখঃ ০২ অগ্রহায়ণ ১৪২৬ ব.  
১৭ নভেম্বর ২০১৯ খ্রি.

বিষয়ঃ রিট পিটিশন নং-১০৯৯৩/২০১৯ মামলার বিষয়ে আইনানুগ পদক্ষেপ গ্রহণসহ গৃহীত ব্যবস্থা সম্পর্কে এ বিভাগকে অবহিতকরণ সংক্রান্ত।

সূত্রঃ মাননীয় উচ্চ আদালত হতে প্রাপ্ত রিট পিটিশন নং-১০৯৯৩/২০১৯ মামলার বুলনিশি ও আজির কপি।

উপর্যুক্ত বিষয়ে সূত্রের মাধ্যমে মাননীয় উচ্চ আদালত হতে প্রাপ্ত রিট পিটিশন নং-১০৯৯৩/২০১৯ মামলার বিবরণ নিম্নরূপঃ

রিট পিটিশন নং	পিটিশনার	রেসপনডেন্ট	মামলা দায়েরের কারণ/বিষয়
১০৯৯৩/২০১৯	জনাব মোহাম্মদ জামাল উদ্দিন, সহসুপার, কালিয়া কান্দি কাদেরিয়া দাখিল মাদ্রাসা, উপজেলা- চরফ্যাশন, জেলা- ভোলা।	সচিব, টিএমইডি, ডিজি, ডিএমই ও আরো অন্যান্যসহ মোট ১২ (বার) জন।	ভোলা জেলার চরফ্যাশন উপজেলাধীন কালিয়াকান্দি কাদেরিয়া দাখিল মাদ্রাসা'র মে/২০১৩ মাসের এমপিও শীটে ভুলবশতঃ সহকারী সুপার. জনাব মো: হাবিবুল্লাহসহ উক্ত প্রতিষ্ঠানের সহকারী মৌলভী জনাব মো: জামাল উদ্দীনের নামের সংগে সহকারী সুপার পদবী মুদ্রিত হয়। উক্ত ভুল মুদ্রিত সংশোধনের জন্য প্রতিষ্ঠানের সুপার কর্তৃক ডিএমই বরারব আবেদন করেও সুরাহা না হওয়ায় মার্চ/১৯ মাস হতে প্রতিষ্ঠানের সুপার কর্তৃক সহকারী সুপার. জনাব মো: হাবিবুল্লাহ-এর সহকারী সুপার পদের বিল না করে সহকারী মৌলভী পদের বেতন-ভাতাদি পরিশোধ শুরু করেন। ফলে সহকারী সুপার. জনাব মো: হাবিবুল্লাহ কর্তৃক সংক্ষুদ্ধ হয়ে মহামান্য হাইকোর্টে রিট পিটিশন নং-৬৬৪৫/২০১৯ মামলা দায়ের করা হয়। উক্ত রিট মামলার আদেশ অনুযায়ী ডিএমই কর্তৃক বিষয়টি নিষ্পত্তি করে ভোলা জেলার চরফ্যাশন উপজেলাধীন কালিয়াকান্দি কাদেরিয়া দাখিল মাদ্রাসার সহকারী সুপার. জনাব মো: হাবিবুল্লাহ সহকারী সুপার পদের প্রাপ্য অধিকারী মর্মে সহকারী সুপার পদে তার বেতন-ভাতাদি পরিশোধের নিমিত্ত ডিএমই হতে ২০/৮/১৯ তারিখে ২৪৪ নং স্মারকে প্রতিষ্ঠানের সুপার বরারব পত্র জারি করা হয়। উক্ত স্মারকের বিরুদ্ধে সংক্ষুদ্ধ হয়ে পিটিশনার মোহাম্মদ জামাল উদ্দিন কর্তৃক মাননীয় উচ্চ আদালতে রিট পিটিশন নং-১০৯৯৩/২০১৯ মামলা দায়ের করা হয়।

০২। উল্লেখ্য গত ১৫/১০/২০১৯ তারিখে মাননীয় আদালত কর্তৃক শুনানী অনিষ্পন্ন রেখে জনাব মো: হাবিবুল্লাহ-কে বর্ণিত প্রতিষ্ঠানের সহকারী সুপার পদের প্রাপ্য অধিকারী মর্মে ডিএমই হতে ২০/৮/১৯ তারিখে ২৪৪ নং স্মারকে (Annexure-K মূলে) জারীকৃত পত্রের কার্যক্রম কেন বেআইনী ঘোষণা করা হবেনা; সে মর্মে ১২/১১/২০১৯ তারিখ অথবা উক্ত তারিখের পূর্বে কারণ দর্শানোর জন্য প্রতিপক্ষগণের প্রতি নির্দেশনা প্রদান করা হয়। একই সাথে বর্ণিত স্মারকের কার্যক্রম আদেশপ্রাপ্তির পর ০৬ (ছয়) মাস পর্যন্ত স্থগিত রাখার নির্দেশনা দিয়ে প্রতিপক্ষগণের প্রতি এক অন্তর্বর্তী আদেশ প্রদান করা হয়।

০৩। উপরিউক্ত অন্তর্বর্তীকালীন আদেশ vacate করণসহ রিট মামলার বিষয়ে সরকার পক্ষে জবাব (Affidavit in Opposition) দাখিলের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে কিনা? না হয়ে থাকলে জরুরিভিত্তিতে vacate করণসহ মহামান্য আদালতে জবাব (Affidavit in Opposition) দাখিলের ব্যবস্থা গ্রহণক্রমে এ বিভাগকে অবহিত করা আবশ্যিক।

০৪। এমতাবস্থায়, রিট পিটিশন নং- ১০৯৯৩/২০১৯ মামলার ১৫/১০/২০১৯ তারিখের অন্তর্বর্তীকালীন আদেশ vacate করণের প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করে সরকার পক্ষের জবাব (Affidavit in Opposition) দাখিল করা হয়েছে কিনা? হয়ে থাকলে এর হালনাগাদ তথ্যাদি, না হয়ে থাকলে জবাব (Affidavit in Opposition) জরুরিভিত্তিতে দাখিলক্রমে আগামী ২৮/১১/২০১৯ খ্রি: এর মধ্যে টিএমইডি-কে অবহিত (প্রমাণকসহ) করার জন্য নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো।

(মো: আ: খালেদ মিয়া)  
সিনিয়র সহকারী সচিব (আইন)  
ফোন-৪১০৫০১৫৭।

মহাপরিচালক  
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর  
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-৩  
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩। অতিরিক্ত সচিব (মাদ্রাসা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
- ৪। অতিরিক্ত সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
- ৫। অফিস কপি/মাস্টার কপি।